

**২০২৩-২৪ অর্থবছরে জেলা প্রাণিসম্পদ দণ্ডনি, হবিগঞ্জ-এ অনুষ্ঠিত শুদ্ধাচার সংক্রান্ত মত বিনিময় ২য় ত্রৈমাসিক  
সভার কার্যবিবরণীঃ**

সভাপতি : জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হবিগঞ্জ।

সভার স্থান : জেলা প্রাণিসম্পদ দণ্ডনির সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময় : ২০/১২/২০২৩, দুপুর ১২-৩০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : সংযোজনী-“ক”।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। শুদ্ধাচার সংক্রান্ত বিষয়ে সভায় আগত কর্মকর্তাগণকে নিজ নিজ দণ্ডনির কর্তৃক প্রদত্ত সেবাসমূহ কিভাবে সহজে প্রদান করা যাবে সে বিষয়ে আলোকপাত করা হয়। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালনের জন্য আহ্বান জানানো হয়।

আলোচনাতে সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১।	যথাসময়ে ও যথাযথভাবে প্রাণিসম্পদ সম্পর্কীয় সেবা প্রদান বিষয়ে আলোচনা	উপজেলা প্রাণিসম্পদ দণ্ডনি ও ভেটেরিনারি হাসপাতালসমূহ থেকে এবং প্রাণিক পর্যায়ের কৃষক/খামারীদেরকে যথাসময়ে ও যথাযথভাবে প্রাণিসম্পদ সম্পর্কীয় যাবতীয় সেবা প্রদানে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে।	ইউনিয়ন/উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
২।	খামারী পর্যায়ে গবাদিপশু ও হাঁস-মুরগির টিকা প্রাপ্তির অপ্রতুলতার বিষয়ে আলোচনা	প্রয়োজনীয় পরিমাণ টিকা প্রাপ্তি নিশ্চিতকরণপূর্বক বিভিন্ন পর্যায়ের খামারী এবং অংশীজনদের পালনকৃত গবাদিপশু ও হাঁস-মুরগিকে নিয়মিতভাবে টিকাদান কার্যক্রম পরিচালনা করতে হবে।	ইউনিয়ন/উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৩।	নিরাপদ দুধ, ডিম ও মাংস উৎপাদনের লক্ষ্যে ভেজালযুক্ত পশুখাদ্য/ঔষধ প্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা	নিয়মিতভাবে পশুখাদ্য নমুনা সংগ্রহপূর্বক গবেষণাগারে প্রেরণ এবং ভেজালযুক্ত খাদ্য/ঔষধ প্রাপ্তি নিশ্চিতকরণ বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতায় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
৪।	দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় করণীয়	দুর্নীতি প্রতিরোধ ও সুশাসন প্রতিষ্ঠায় দ্র্শ্যমান স্থানে সিটিজেন চার্টার এবং টিকাবীজ ও সেবার মূল্য স্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা/ জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

সভায় আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করা হয়।

*শ্রেষ্ঠব্যক্তি*

২০.১২.২৩

( ডাঃ মো. আব্দুল কাদের )  
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,  
হবিগঞ্জ।

**সংযোজনী-“ক”**

ক্র.নং	উপস্থিত সদস্যদের নাম ও পদবী	স্বাক্ষর
১.		
২.		
৩.		
৪.		
৫.		
৬.		
৭.		
৮.		
৯.		
১০.		
১১.		
১২.		
১৩.		
১৪.		
১৫.		
১৬.		
১৭.		
১৮.		
১৯.		
২০.		

( ডা. মো. আবদুল কাদের )  
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,  
হবিগঞ্জ।